সংবাদ

0 070

তারিখ ... ২৭.৫.৮৮
পৃষ্ঠা ... ১ ... কলাম ... ১ ...

# এইচএসসি পরীক্ষা ॥ প্রথম দিনে ৪৪জন বহিষ্কার

(বিশ্ববিদ্যালয় সংবাদদাতা)

গতকাল বৃহস্পতিবার থেকে শান্তিপূর্ণভাবে চারটি শিক্ষাবোর্ডের অধীনে সারাদেশে উচ্চ মাধ্যমিক পরীক্ষা (এইচএসসি) শুরু হয়েছে। মোট ১,৮৯,৪১৮ জন ছাত্রছাত্রী এবার পরীক্ষায় অংশ নিচ্ছে।

ঢাকা মহানগরীর মোট ২২টি পরীক্ষা কেন্দ্রের মধ্যে ৩টি থেকে অসদুপায় অবলম্বনের জন্য ২জন মহিলাসহ মোট ৫জন পরীক্ষার্থীকে বহিষ্কার করা হয়েছে। এই কেন্দ্র ৩টি হচ্ছে আদর্শ কলেজ, সিটি কলেজ ও ইণ্টারমিডিয়েট টেকনিক্যাল কলেজ।

শিক্ষামন্ত্রী ডঃ এ, মজিদ খান গতকাল সকালে লালমাটিয়া মহিলা কলেজ, মীরপুর বাংলা কলেজ, নটরডেম কলেজ এবং আদমজী ক্যাণ্টনমেণ্ট কলেজের পরীক্ষা কেন্দ্র পরিদর্শনের সময় শান্তিপূর্ণ পরিবেশে পরীক্ষা হচ্ছে দেখে সন্তোষ প্রকাশ করেন।

যশোর থেকে নিজস্ব সংবাদদাতা জানান: গতকাল এইচ এস সি পরীক্ষায় যশোর বোর্ডের বিভিন্ন কেন্দ্র থেকে ৪৭ জন পরীক্ষার্থীকে

(শেষ পৃ: ৭-এর ক: দ্র:

## এইচএসসি পরীক্ষা

(১ম পাতার পর)

বহিষ্কার করা হয়েছে। এর মধ্যে সরকারী এম, এম, কলেজ ১, দৌলতপুর দিবা নৈশ মহাবিদ্যালয় ২, কালীগঞ্জ কলেজ ৪, নোয়াপাড়া ১, শ্রীপুর ১, কুষ্টিয়া ইসলামিয়া কলেজ ১, মাগুরা সরকারী মহাবিদ্যালয় ২, কোটচাঁদপুর ৪, বরিশাল হাতেম আলী মহাবিদ্যালয় ১ জন।

গতকাল বৃহস্পতিবার এইচ, এস, সি পরীক্ষার প্রথম দিনে চুয়াডাঙ্গা সরকারী কলেজ কেন্দ্র থেকে ৬ জন, চাঁপাইনবাবগঞ্জ জেলার আদিনা কলেজ ও রোহনপুর কলেজ কেন্দ্র থেকে ৭ জন এবং ভেড়ামারা কেন্দ্র থেকে ৯ জন পরীক্ষার্থী বহিষ্কৃত হয় বলে আমাদের নিজস্ব সংবাদদাতারা তারবার্তায় জানান।